

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫১৫৯

আগরতলা, ১২ মার্চ, ২০২৪

**৫০ শয্যাবিশিষ্ট জিরানীয়া মহকুমা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন  
রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে : মুখ্যমন্ত্রী**

রাজ্যে উন্নত স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণে সরকার অগ্রাধিকার দিয়েছে। এই লক্ষ্যে জেলা, মহকুমা ও গ্রামীণ এলাকাগুলিতে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। আজ ৫০ শয্যাবিশিষ্ট জিরানীয়া মহকুমা হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। এ উপলক্ষে জিরানীয়া ব্লক চৌমুহনিস্থিত পুরাতন স্বাস্থ্যকেন্দ্রের প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আজ জিরানীয়াবাসীর দীর্ঘদিনের স্বপ্ন বাস্তবায়িত হতে যাচ্ছে। এই মহকুমা হাসপাতাল নির্মাণে ব্যয় হবে ৪১ কোটি ৫৩ লক্ষ টাকা। এই মহকুমা হাসপাতালে ১৬টি স্টাফ কোয়ার্টার সহ হাসপাতালের যাবতীয় প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণ করা হবে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন নির্মাণ সংস্থা কাজের গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যেই হাসপাতালের নির্মাণ কাজ শেষ করবে। তিনি বলেন, উন্নয়ন কাজে সরকার দুর্নীতি বা গাফিলতিকে কখনও প্রশ্রয় দেবে না।

অনুষ্ঠানে সম্মানীয় অতিথি খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এলাকাবাসীর দীর্ঘদিনের স্বপ্ন পূরণের জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহাকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে বলেন, ২০১৮ সাল থেকে এই জিরানীয়া মহকুমায় ১টি মহকুমা হাসপাতাল স্থাপনের দাবি ছিলো। আজ সেই দাবি পূরণ হলো। তিনি আশা প্রকাশ করেন আগামীদিনে এই এলাকার মানুষ উন্নত স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো পাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ ও বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন জিরানীয়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। স্বাগত বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে। উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডা. সঞ্জীব দেববর্মা। অনুষ্ঠানে ২ জন গর্ভবতী মহিলাকে মুখ্যমন্ত্রী মাতৃপুষ্টি উপহার যোজনায় ২ হাজার টাকার, ক্ষুদ্র ব্যবসার জন্য ১ জন মহিলাকে ১০ হাজার টাকার চেক ও ২ জনকে বাদ্যযন্ত্র দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা তাদের হাতে সেই সহায়তা তুলে দেন।

\*\*\*\*\*